

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৫-৩২৪

তারিখঃ ০৮/০৬/২০১৬ খ্রিঃ

বিষয় : জুলাই/২০১৫খ্রিঃ থেকে ফেব্রুয়ারি/২০১৬খ্রিঃ পর্যন্ত প্রদানকৃত বকেয়া বিলের প্রত্যয়ন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জুলাই/২০১৫খ্রিঃ থেকে ফেব্রুয়ারি/২০১৬খ্রিঃ পর্যন্ত (৬+২) আট মাসের বকেয়া বিল মে/২০১৬খ্রিঃ মাসে প্রদান করা হয়েছে। সফটওয়্যার প্রোগ্রামিং/হিসাব ক্রুটির কারণে কিছু সংখ্যক পে-কোডে হিসাবের গড়মিল রয়েছে। অর্থনৈতিক ক্ষেত্রে শৃঙ্খলা আনয়নের জন্য উক্ত হিসাব সমন্বয় করা বিশেষভাবে প্রয়োজন। হিসাবের গড়মিল পরিলক্ষিত হওয়া মাত্র প্রতিষ্ঠান প্রধানদের সাথে টেলিফোনে যোগাযোগ করা হয়েছে।

এমতাবস্থায় তার ব্যাংকে রক্ষিত প্রতিষ্ঠান প্রধান এবং গভার্নিং বডির সভাপতির স্বাক্ষরকৃত আট (৬+২) =৮ মাসের বকেয়া বিলের কপি আগামী ১২/০৬/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রয়োজনে বিলের স্বাক্ষরিত সফট কপি dte_mpo@yahoo.com ঠিকানায় প্রেরণ করা যাবে। অর্থ বছরের শেষ বিবেচনায় বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অতীব জরুরী। প্রাপ্যতার অতিরিক্ত অর্থ গ্রহণকারী ব্যক্তি এবং প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।



(আ,ন,ম, সালাহ উদ্দীন খান)

পরিচালক (পিআইইউ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

টেলিফোন নম্বর: ৯১১০৯৩৮

বিতরণ:

- ১। উপ-মহাব্যবস্থাপক
সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। ডেপুটি জেনারেল ম্যানেজার
অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান শাখা, ঢাকা।
- ৩। ডেপুটি জেনারেল ম্যানেজার
রূপালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। ডেপুটি জেনারেল ম্যানেজার
জনতা ব্যাংক লিঃ লোকাল অফিস, ঢাকা।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব, বাজেট শাখা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, অত্র দপ্তর (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।